

চাহিদাঃ সামর্থ্যবান ও অর্থ ব্যয় করার মানসিকতা সম্পন্ন কোনো ব্যক্তি যখন একটি দ্রব্য পেতে ইচ্ছা/আকাঙ্ক্ষা প্রকাশ করে তখন তাকে অর্থনীতিতে চাহিদা বলে।

\* চাহিদা বিধিঃ অন্যান্য অবস্থা স্থির ধরে (ভোক্তার আয়, অভ্যাস, রুচি ইত্যাদি) সাধারণত দেখা যায় কোনো দ্রব্যের দাম কমলে চাহিদা বাড়ে, দাম বাড়লে চাহিদা কমে। দাম ও চাহিদার এই বিপরীতমুখী সম্পর্ককে চাহিদা বিধি বলে।

$$D = f(p)$$


উপরোক্ত অপেক্ষকে P ও D এর যে বিপরীত সম্পর্ক বিদ্যমান তাকে চাহিদা বিধি বলে।

চাহিদা বিধি নিম্নোক্ত সূচীর সাহায্যে ব্যাখ্যা করা হলঃ

দাম p	চাহিদা D
১৫ টাকা	১০ একক
১০ টাকা	২০ একক
৫ টাকা	৩০ একক

সূচীতে দেখা যায়, দ্রব্যের দাম ১০ টাকা হলে চাহিদার পরিমাণ হয় ২০ একক। দ্রব্যের দাম বেড়ে ১৫ টাকা হলে চাহিদার পরিমাণ কমে ১০ একক হয়। অনুরূপভাবে ১০ টাকা থেকে কমে যখন ৫ টাকা, চাহিদার পরিমাণ তখন ২০ একক থেকে বেড়ে ৩০ একক হয়।

উপরোক্ত সূচীর ভিত্তিতে নিম্নে চাহিদা রেখা আঁকা হলঃ



চিত্রে ভূমি অক্ষে চাহিদার পরিমাণ লম্ব অক্ষে দ্রব্যের দাম দেখানো হয়েছে। যেখানে DD হচ্ছে চাহিদা রেখা। চিত্রে দেখা যায়, দ্রব্যের দাম যখন ১০ টাকা চাহিদার পরিমাণ ২০ একক যা b বিন্দুতে নির্দেশিত। দ্রব্যের দাম ১৫ টাকা হলে চাহিদার পরিমাণ কমে ১০ একক হয় a বিন্দুতে নির্দেশিত। অনুরূপভাবে দাম ১০ টাকা থেকে কমে ৫ টাকা হলে চাহিদার পরিমাণ ২০ একক থেকে বেড়ে ৩০ একক হয় যা c বিন্দু দ্বারা নির্দেশিত হয়। a,b,c বিন্দুগুলোকে যোগ করলে যে DD রেখা পাওয়া তাকে চাহিদা রেখা বলে। যা চাহিদা ও দামের মধ্য বিপরীত সম্পর্ক প্রকাশ করে।